

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নম্বর: ০৮.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৮০৭—গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ টিউলিপ রেজওয়ানা সিদ্ধিক তৃতীয়বার, মিজ বুশনারা আলী চতুর্থবার, মিজ বুপা হক তৃতীয়বার ও মিজ আফসানা বেগম প্রথমবারের মতো বিজয় অর্জনের মধ্য দিয়ে যুক্তরাজ্যের পার্লামেটের সদস্য নির্বাচিত হয়েছেন।

- ২। যুক্তরাজ্যের হাউজ অব কমন্সে বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ টিউলিপ রেজওয়ানা সিদ্ধিক, মিজ বুশনারা আলী, মিজ বুপা হক এবং মিজ আফসানা বেগমের জনপ্রতিনিধিত্ব এবং ঐ দেশের আইন প্রণয়ন প্রক্রিয়ায় তাঁদের সক্রিয় অংশগ্রহণ ও কার্যকর কর্মতৎপরতা বাঙালি জাতির জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজ্ঞা শেখ রেহানার কন্যা মিজ টিউলিপ রেজওয়ানা সিদ্ধিক-সহ মিজ বুশনারা আলী, মিজ বুপা হক এবং আফসানা বেগমকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গ্রহণ করা হয়।
- ৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৮৭)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ৮ পৌষ ১৪২৬
২৩ ডিসেম্বর ২০১৯

গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ্টিউলিপ রেজওয়ানা সিদ্দিক তৃতীয়বার, মিজ্রুশনারা আলী চতুর্থবার, মিজ্রুপা হক তৃতীয়বার ও মিজ্আফসানা বেগম প্রথমবারের মতো বিজয় অর্জনের মধ্য দিয়ে যুক্তরাজ্যের পার্লামেন্টের সদস্য নির্বাচিত হয়েছেন।

রাজনৈতিক পরিপ্রেক্ষিত বিচেচনায় এবার ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টি লেবার পার্টির আসনগুলোতে বিজয় অর্জনের লক্ষ্যে অত্যন্ত সক্রিয় তৎপরতা চালিয়েছিল। তা সত্ত্বেও হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন আসন থেকে মিজ্টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, বেথনাল হিন অ্যান্ড বো আসন থেকে মিজ্রুশনারা আলী এবং ইলিং সেন্ট্রাল এন্ড অ্যাকটন আসন থেকে মিজ্রুপা হক লেবার পার্টির মনোনয়নে স্ব স্ব আসনে বিজয়ী হয়ে নিজেদের অবস্থান আরও সুসংহত করলেন। অধিকস্তু পূর্ব লন্ডনের পপলার অ্যান্ড লাইমহাউজ আসন থেকেও লেবার পার্টি মনোনীত প্রার্থী মিজ্আফসানা বেগম বিজয়ী হয়েছেন। এই বিজয়ের মধ্য দিয়ে বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ্টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, মিজ্রুশনারা আলী, মিজ্রুপা হক এবং মিজ্আফসানা বেগমের রাজনৈতিক প্রজ্ঞা ও পারদর্শিতা, আত্মপ্রতিষ্ঠার সক্ষমতা, সিদ্ধান্ত গ্রহণে বিচক্ষণতা, রাজনৈতিক মহলে গ্রহণযোগ্যতা এবং সাধারণ্যে জনপ্রিয়তা যুক্তরাজ্যের রাজনৈতিক পরিমণ্ডলে সমর্থিক পরিব্যাপ্তিতে স্ফীকৃতি লাভ করল।

মিজ্টিউলিপ রেজওয়ানা সিদ্দিক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দোহিত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজ্ঞা শেখ রেহানার কন্যা। বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শের উত্তরাধিকারী হিসাবে তাঁর দোহিত্রীর রাজনীতিতে অংশগ্রহণ এবং বিদেশে রাজনৈতিক অবস্থান সুসংহত করে নির্বাচনে তৃতীয়বারের মত বিজয় অর্জন বংশগরম্পরার প্রেক্ষাপটে সমর্পণ করে একটি বিরল ঘটনা। উল্লেখ্য, ২০১৫ সালে নির্বাচিত হওয়ার পর টিউলিপ লেবার পার্টি নেতা জেরেমি করবিনের ছায়া মন্ত্রিসভার সদস্য ছিলেন।

যুক্তরাজ্যের হাউজ অব কমন্সে বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ্টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, মিজ্রুশনারা আলী, মিজ্রুপা হক এবং মিজ্আফসানা বেগমের জনপ্রতিনিধিত্ব এবং ত্রৈ দেশের আইন প্রণয়ন প্রক্রিয়ায় তাঁদের সক্রিয় অংশগ্রহণ ও কার্যকর কর্মতৎপরতা বাংলালি জাতির জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজ্ঞা শেখ রেহানার কন্যা মিজ্টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-সহ মিজ্রুশনারা আলী, মিজ্রুপা হক এবং আফসানা বেগমকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd